# কৃষ্ণা-পাপ্পালী

প্রবীর ভৌমিক

কৃষ্ণসার হরিণির মতো অকস্মাৎ দেখা দিয়ে
চলে গেলে মানুষ--জঙ্গলে হে কৃষ্ণা পাপ্পালী।
চকিত বিদ্যুৎ প্রভায় ধরা পড়ল ত্বকের মহিমা
সমগ্র শরীর জুড়ে সংক্রামিত লিবিডো প্রভাব।

সেই থেকে শরীর ও মনের মথিত প্রজ্ঞা নিয়ে
বসে আছি, তোমাকে ঐকান্তিক কৃষ্য ভেবে নিয়ে
এখন বরষা নামলে স্পর্শ করি কাদার নরম আমিষ
করোটির অনিবার্য মেধা আর উত্তেজক গোপন জরুল।

অপেক্ষায় আছি কবে হাতে হাতে জড়াব শৃঙ্খল
কবে অনন্ত নিমগ্নতার মধ্য দিয়ে গান গাইবে
গলায় ও শরীরে, কবে আঁধার হয়ে উঠবে আলোর
অধিক আত্মময় সেতারের অফুরন্ত আলোর বিস্তার!

যোগাযোগ : ৬৬ স্কুল রোড, রামকৃষ্ণ পল্লী, বিরাটী, কলিকাতা – ৭০০০৫১
prabirbhowmick891@gmail.com
Phone : 7687930836